

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে অনুসৃত উত্তম চর্চা সমূহ নিম্নরূপ:

১। বোতলজাত পানির অপচয় রোধ ও সভাকক্ষ পরিষ্কার করা;

বিবরণঃ এ বিভাগের যে কোন সভা অথবা সেমিনারে উপস্থিত সদস্যদের বোতলজাত খাবার পানি সরবরাহ করা হয়। সভা শেষে প্রত্যেকে নিজ দায়িত্বে অব্যবহৃত পানিসহ বোতল সাথে করে নিয়ে যান। এতে করে পানির অপচয়রোধসহ সভাকক্ষ পরিষ্কার থাকে। তাছাড়া পানির বড় বোতলের পরিবর্তে ছোট বোতল সরবরাহ করা হয়।

২। পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখা;

বিবরণঃ এ বিভাগের অফিস করিডোর এবং নিজ নিজ কক্ষ ও ডেস্ক সর্বদা পরিষ্কার পরিচ্ছন্ন রাখা হয়। এতে করে কাজের সুন্দর পরিবেশ বজায় থাকে।

৩। প্রিন্টার/ফটোকপি মেশিনে কাগজের অপচয় রোধ করা;

বিবরণঃ কাগজ একটি গুরুত্বপূর্ণ সম্পদ। এ বিভাগে যথাসম্ভব কাগজের কম ব্যবহার নিশ্চিত করা হয়েছে। খসড়া কাজের ক্ষেত্রে কাগজের অব্যবহৃত পৃষ্ঠা ব্যবহারের জন্য বিভাগের সকল শাখাতে পরামর্শ দেয়া হয়েছে। সকলকে ই-ফাইলে এবং অনলাইন সিস্টেমে কাজ করার জন্য উৎসাহিত করা হয়েছে।

৪। দাপ্তরিক কাজ যথাসময়ে সম্পাদন করা;

বিবরণঃ এ বিভাগে সকল শাখা/ অধিশাখাতে অনিষ্পন্ন ডাক ও নথি নিয়মিত পর্যবেক্ষণ করা হয় যেন কোন ডাক বা নথি অনিষ্পন্ন না থাকে। এ ক্ষেত্রে অনলাইনসহ রেজিস্টারে নথির গতিবিধি মনিটরিং করা হয়। তদুপরি উর্দ্বতন কর্মকর্তাদের নিয়মিতভাবে শাখা পরিদর্শনের নির্দেশনা রয়েছে।

৫। অফিসে কথাবার্তা ও আচার ব্যবহারে মার্জিত হওয়া;

বিবরণঃ এ বিভাগের সকল কর্মকর্তা ও কর্মচারীদের আচার ব্যবহারের উপর নিয়মিত প্রশিক্ষণ প্রদান করা হয়। বিশেষ করে জাতীয় শুদ্ধাচার কৌশল এর আওতায় এ প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে, এতে করে সকলের চালচলন ও আচার ব্যবহারে মার্জিতভাব বজায় থাকে।